

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-২ শাখা
স্বাস্থ্য সেবা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৭৩.০০২.০৫৮.১৮-৩৪০

তারিখ: ০৪.১১.২০১৮খ্রি:


বিষয়: কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮-র ধারা ১৫ অনুযায়ী ট্রাস্টি বোর্ডের সদস্য মনোনয়ন প্রদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, দশম জাতীয় সংসদের ২২তম (২০১৮ খ্রিষ্টাব্দের ৪র্থ) অধিবেশনের গত ২০.০৯.২০১৮ খ্রিষ্টাব্দে "কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮" পাস হয় এবং ০৮.১০.২০১৮ খ্রিষ্টাব্দে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ২০১৮ সনের ৫২নং আইনরূপে প্রকাশিত হয়েছে।

কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮ এর অধীন কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্টের উপদেষ্টা পরিষদ এবং ট্রাস্টি বোর্ড গঠনের সার-সংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে। কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮-র ধারা ৯(১) এর বিধান মোতাবেক ১৫ (পনের) সদস্য সমন্বয়ে ট্রাস্টি বোর্ড গঠনের প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

এমতাবস্থায়, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮-র ধারা ৯(১) এর বিধান মোতাবেক ১৫ (পনের) সদস্য সমন্বয়ে ট্রাস্টি বোর্ডে আপনি বা আপনার মনোনীত ১ (এক) জন অতিরিক্ত সচিব-কে সদস্য হিসেবে মনোনয়ন প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : ১ কপি (প্রজ্ঞাপন) ও ১ কপি (সংশ্লিষ্ট আইনের গেজেট)।


(এস এম জাহাঙ্গীর হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯৫৪০

বিভরণ :

১. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ,
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, গেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপি: সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রফেসর ডা: সৈয়দ মোদাচ্ছের আলী, সভাপতি, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮, বর্তমান ঠিকানা: এপার্টমেন্ট-৯/এ, হাউজ নং-২৫, রোড নং-০৭, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৫।
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কারওয়ান বাজার, ঢাকা।
৪. ডা: মাখদুমা নাগিস, সহ-সভাপতি, কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮, বর্তমান ঠিকানা: হাউজ নং-০৪, রোড নং-১৪, সেক্টর নং-০৭, উত্তরা, ঢাকা।
৫. লাইন ডাইরেক্টর, কমিউনিটি বেইজড হেলথ কেয়ার, বিএমআরসি ভবন (২য় তলা), মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. অতিরিক্ত সচিব (আ:ব্য:অ:), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. যুগ্ম সচিব (প্রবা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।